



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৯৪.২০১৯ (অংশ-১)/১৪৭১/৬

তারিখ: ৭/১২/২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : ভোলা জেলার ফাতেমা মতিন মহিলা মহাবিদ্যালয়ের বাংলা বিষয়ের প্রভাষক জনাব ফারহানা আফরোজ-এর বকেয়া বেতন-ভাতা প্রাপ্তির আবেদন।

সূত্রঃ ১. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৪.২০১৮-১৭১; তারিখ: ০১/১১/২০২০খ্রি.  
২. রীট পিটিশন নং- ৮১৭/২০০৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন ফাতেমা মতিন মহিলা মহাবিদ্যালয়ের প্রভাষক (বাংলা) পদে জনাব ফারহানা আফরোজ শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত ১ নং স্মারকে যোগদানের তারিখ হতে এমপিও বাস্তবায়নে সুপ্রিমকোর্টের নির্দেশনা অনুযায়ী হাইকোর্টের রায়/আদেশ পূর্ণাঙ্গ বাস্তবায়নের জন্য আবেদন করলে বর্ণিত বিষয়ে কাগজপত্র যাচাইপূর্বক আইনানুগ নিষ্পত্তিকরণের জন্য অনুরোধ করেছেন।

রীট পিটিশন নং-৮১৭/২০০৮ এর আলোকে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী মামলার ১৫৩ জন শিক্ষকদের সাথে সম্পৃক্ত ৩য় শিক্ষকের যোগদানের তারিখ হতে এমপিওভুক্ত করার জন্য বলা হয়। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ আপীল দায়ের করা হলে আপিল গৃহীত হয়। তবে আপিল রায়ের অবজারভেশনে পিটিশনারদের এমপিওভুক্তির বিষয়টি বিবেচনার কথা বলা হয়েছে। বকেয়ার বিষয়টি উল্লেখ নাই।

এমতাবস্থায়, ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন ফাতেমা মতিন মহিলা মহাবিদ্যালয়ের প্রভাষক (বাংলা) পদে জনাব ফারহানা আফরোজ-এর যোগদানের তারিখ থেকে বকেয় প্রদানের সুযোগ নাই মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

*Alauddin* 8.12.2020

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং- ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ,

ফাতেমা মতিন মহিলা মহাবিদ্যালয়

চরফ্যাশন, ভোলা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ২। জেলা শিক্ষা অফিসার, ভোলা।
- ৩। সভাপতি, পরিচালনা পরিষদ, ফাতেমা মতিন মহিলা মহাবিদ্যালয়, চরফ্যাশন, ভোলা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা।
- ৫। জনাব ফারজানা ইয়াসমিন, প্রভাষক (সমাজবিজ্ঞান), ফাতেমা মতিন মহিলা মহাবিদ্যালয়, চরফ্যাশন, ভোলা।
- ৬। সংরক্ষণ নথি।